



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০১১.২২.১১৪

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০

০৪ মার্চ ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১৪৯০০/২০২৩) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মনির হোসেন ফকির, ভোটার ও সাধারণ অভিভাবক সদস্য প্রার্থী পটুয়াখালী জেলার দশমিনা উপজেলাধীন 'সৈয়দ জাফর আরজবেগী মাধ্যমিক বিদ্যালয়'-এর ম্যানেজিং কমিটির নির্বাচনের ভোটার তালিকা বাতিলকরতঃ পুনরায় নির্বাচনী তফসিল ঘোষণার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র:নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১.	১৪৯০০/২০২৩	সৈয়দ জাফর আরজবেগী মাধ্যমিক বিদ্যালয়, দশমিনা, পটুয়াখালী-এর ম্যানেজিং কমিটির নির্বাচনের ভোটার তালিকা বাতিলকরতঃ পুনরায় নির্বাচনী তফসিল ঘোষণা সংক্রান্ত।	জনাব মনির হোসেন ফকির, ভোটার ও সাধারণ অভিভাবক সদস্য প্রার্থী, সৈয়দ জাফর আরজবেগী মাধ্যমিক বিদ্যালয়, দশমিনা, পটুয়াখালী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশালসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৪৯০০/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৪-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: ৫৫১০১১৬৯


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০১১.২২.১১৪/১(৩)

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০
০৪ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৪-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব